



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আঞ্চলিক পরিচালকের কার্যালয়  
কারিগরি শিক্ষা অধিদপ্তর  
বরিশাল বিভাগ।

"একটাই লক্ষ্য  
হতে হবে দক্ষ"

ওয়েবসাইট: [www.rdobarishal.gov.bd](http://www.rdobarishal.gov.bd)

স্মারক নং : ৫৭.০৩.০৬৫১.০০০.৯৯.০৫২.২৩-১১৬৪

তারিখ : ০৩/১২/২০২৩ খ্রিঃ

বিষয়: মহান বিজয় দিবস, ২০২৩ উদযাপন ও জাতীয় কর্মসূচী বাস্তবায়নের লক্ষ্যে ০৩.১২.২০২৩ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মোঃ ইসরাইল হোসেন, পরিচালক(উপসচিব), কারিগরি শিক্ষা অধিদপ্তর, বরিশাল বিভাগ।  
তারিখ ও সময় : ০৩-১২-২০২৩ খ্রিঃ সময়: সকাল ১০.০০ ঘটিকা  
স্থান : পরিচালকের সভাকক্ষ।

সভাপতি সভায় উপস্থিত সকলকে মহান বিজয় দিবসের শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে সভাপতি স্বাধীনতার মহান স্বপ্ন জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ ১৫ আগস্ট এর সকল শহিদদের এবং ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধে ৩০ লক্ষ সকল শহিদদের প্রতি বিনয় শ্রদ্ধা জ্ঞাপন করেন। সভাপতি মহোদয় বলেন রক্তক্ষয়ী দীর্ঘ যুদ্ধের পর এদিন মুক্ত হয় বাংলাদেশ। বাঙালি জাতির বীরত্বের এক অবিস্মরণীয় গৌরবময় এবং বীরের জাতি হিসেবে আত্মপ্রকাশ করার দিন ১৬ই ডিসেম্বর। তিনি আরো বলেন পৃথিবীর মানচিত্রে বাংলাদেশ নামে একটি স্বাধীন ভূখন্ডের জন্ম হয়েছিল। তিনি মহান বিজয় দিবস-২০২৩ যথাযোগ্য মর্যাদায় উদযাপনের লক্ষ্যে উপস্থিত সকলকে মতামত প্রদানের জন্য অনুরোধ জানান। অতঃপর তিনি সহকারী আঞ্চলিক পরিদর্শক জনাব প্রকৌ. মো. আরিফুর রহমানকে সভার আলোচ্যসূচী অনুযায়ী উপস্থাপনের জন্য অনুরোধ জানান।

সভায় জাতীয় কর্মসূচী ও জেলা প্রশাসন, বরিশালের সাথে সামঞ্জস্য রেখে নিম্নোক্ত কর্মসূচী গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রঃ নং	আলোচনার বিষয়	সিদ্ধান্ত
০১.	মহান বিজয় দিবস-২০২৩ এর তাৎপর্য তুলে ধরে বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন।	১.১ ১৬ ডিসেম্বর, ২০২৩ সূর্যোদয়ের সাথে সাথে জাতীয় পতাকা উত্তোলন। ১.২ শহিদদের স্মরণে জেলা প্রশাসনের সাথে সামঞ্জস্য রেখে পুষ্পার্ঘ্য অর্পণ। ১.৩ ১৬ ডিসেম্বর, ২০২৩ তারিখ সকাল ১০.০০ ঘটিকায় পরিচালকের কার্যালয়ে আলোচনা অনুষ্ঠান ও দোয়া মাহফিলের আয়োজন। ১.৪ যোহরের নামাজের পর কোরআন খানি ও দোয়া মাহফিল। ১.৫ ১৪/১২/২০২৩ খ্রি. তারিখ সকাল ১০.০০-০২.০০ পর্যন্ত অনলাইনে কারিগরি শিক্ষা অধিদপ্তরধীন বরিশাল বিভাগের সকল শিক্ষা প্রতিষ্ঠান সমূহের ছাত্রছাত্রীদের অংশগ্রহণের মাধ্যমে মুক্তিযুদ্ধ ভিত্তিক কবিতা আবৃত্তির আয়োজন। ১.৬ মাস ব্যাপী পরিচালকের কার্যালয়ের ভবন লাল সবুজ রংয়ের আলোক সজ্জা করণ। ১.৭ বরিশাল অঞ্চলের কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান গুলির শিক্ষার্থীদের অংশগ্রহণ 'জাতির পিতার স্বপ্নের সোনার বাংলা বিনির্মাণে মুক্তিযুদ্ধের চেতনা' বিষয়ক রচনা প্রতিযোগিতার আয়োজন।

২। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ ইসরাইল হোসেন)  
উপসচিব  
পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

তারিখ : ০৩/১২/২০২৩ খ্রিঃ

স্মারক নং : ৫৭.০৩.০৬৫১.০০০.৯৯.০৫২.২৩-১১৬৪

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

- ১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
- ২। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি আগারগাঁও প্রশাসনিক এলাকা, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
- ৩। বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ।
- ৪। পরিচালক (প্রশাসন), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
- ৫। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, বরিশাল বিভাগ।
- ৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, অত্র দপ্তর (পত্র খানা ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।
- ৭। সংরক্ষণ নথি।

(মোঃ ইসরাইল হোসেন)  
উপসচিব  
পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)  
কারিগরি শিক্ষা অধিদপ্তর  
বরিশাল বিভাগ।

ফোন: ০২৪৭৮৮৩০২১৪

ই-মেইল: [rdbarishal@gmail.com](mailto:rdbarishal@gmail.com)